সংবাদ

তারিখ 26 MAR 2012
পৃষ্ঠা ১৬ কলাম ৫

সরকারি হাইস্কুলের সহকারী শিক্ষকরা ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মর্যাদা পাচ্ছেন

রাকিব উদ্দিন

সরকারি হাইস্কুলের সহকারী শিক্ষকরা গেজেটেড পদমর্যাদা পাচ্ছেন। আগামী ৩০ মার্চ রাজধানীর গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলে আয়োজিত এক শিক্ষক সম্মেলনে শিক্ষামন্ত্রী এ বিষয়ে ঘোষণা দেবেন। বর্তমানে সহকারী শিক্ষকরা তৃতীয় শ্রেণীর পদমর্যাদার কর্মচারী। গেজেটেড হলে তাদের পদবি দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার মর্যাদায় উত্তীর্ণ হবে। তবে আপাতত তাদের আর্থিক সুবিধা বাড়বে না। কারণ ইতোমধ্যেই অধিকাংশ সহকারী শিক্ষক তিনটি টাইমস্কেল পেয়েছেন। এ প্রসঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদ সংবাদকে বলেন, শিক্ষকদের দাবির প্রেক্ষিতে ১৯৭৪ সরকারি : পৃষ্ঠা : ২ ক : ৩

সরকারি : হাইস্কুলের

(১৬ পৃষ্ঠার পর)

সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহকারী শিক্ষকদের গেজেটেড মর্যাদা দেয়ার উদ্যোগ নিয়েছিলেন। পরবর্তীতে তার মৃত্যুর পর আর কোন সরকার শিক্ষকদের দাবি পূরণের কোন তৎপরতা চালায়নি। কিন্তু এবার বঙ্গবন্ধু কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সহকারী শিক্ষকদের গেজেটেড মর্যাদা প্রদানের উদ্যোগ নিয়েছেন। মাউশি সূত্র জানায়, স্বাধীনতার পর থেকেই সহকারী শিক্ষকরা গেজেটেড পদমর্যাদা দাবি করে আসছে। কিন্তু আমলাতন্ত্রের অদূরদর্শিতা, স্বেচ্ছাচারিতা ও গাফিলতির জন্য শিক্ষকরা এ সম্মান থেকে বঞ্চিত হচ্ছেন। প্রধানমন্ত্রীর একান্ত ইচ্ছেয় এবার আমলাতন্ত্রের প্রতিবন্ধকতা দূর হয়েছে। সারা দেশে বর্তমানে ৩১৭টি সরকারি হাইস্কুল আছে। এসব স্কুলে সহকারী শিক্ষকের পদ আছে ৯ হাজার ৭৩২টি। এর মধ্যে কর্মরত সহকারী শিক্ষক আছেন ৯ হাজার ৪০০ জন। আর ৩৩২টি পদ শূন্য আছে। প্রফেসর নোমান উর রশীদ জানান, সহকারী শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড মর্যাদা প্রদানের সার্বিক কার্যক্রম ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে। এখন শুধু ঘোষণা দেয়ার বাকি। তিনি বলেন, পদমর্যাদা বৃদ্ধি পেলে শিক্ষকদের কর্মস্পৃহা বাড়বে। মাউশির সরকারি স্কুল শাখার কর্মকর্তারা জানান, সহকারী শিক্ষকরা গেজেটেড হলে তাদের টাইমস্কেল বন্ধ হয়ে যাবে। কিন্তু চালু হবে সিলেকশন গ্রেড। এতে চাকরির ৪ বছর পূর্তিতে শিক্ষকরা শতভাগ সিলেকশন গ্রেড সুবিধা পাবে। জানা যায়, বর্তমানে জাতীয় বেতন স্কেল-২০০৯ অনুযায়ী সহকারী শিক্ষকরা চাকরির শুরুতে ৮ হাজার টাকা স্কেলে বেতন পাচ্ছেন। চাকরির ৮ বছরে ১ম টাইমস্কেলসহ ১১ হাজার টাকা, চাকরির ১২ বছরে দ্বিতীয় টাইমস্কেলসহ ১২ হাজার টাকা এবং চাকরির ১৫ বছরের তৃতীয় টাইমস্কেলসহ ১৫ হাজার টাকা পাচ্ছেন। মাউশির সহকারী পরিচালক (সরকারি স্কুল) শাখাওয়েত হোসেন সংবাদকে জানান, বর্তমানে প্রায় ৫ হাজার সহকারী শিক্ষকের চাকরির বয়স ১৫ বছর পূর্ণ হয়েছে। প্রসঙ্গত বর্তমানে সরকারি হাইস্কুলের প্রধানশিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকদের পদমর্যাদা প্রথম শ্রেণীর।